# পৃষ্ঠা নাম্বার যুক্ত করা – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ৩৪

tutorial.hamimit.com/পৃষ্ঠা-নাম্বার-যুক্ত-করা


**পৃষ্ঠা নাম্বার যুক্ত করা** দ্বারা ডকুমেন্টের পৃষ্ঠাসমূহকে স্বয়ংক্রিয়ভাবে নাম্বারিং করা যায়। এটি একটি গুরুত্বপূর্ণ কমাণ্ড। কাজের ক্ষেত্রে প্রায়শই পৃষ্ঠা নাম্বার দেয়ার প্রয়োজন হয়ে থাকে।

আজকের অধ্যায়ে ডকুমেন্টে **কিভাবে পৃষ্ঠা নাম্বার যুক্ত করা, শুদ্ধ করা এবং মুছে ফেলা যা**য় সে বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে।


## পৃষ্ঠা নাম্বার যুক্ত করা

এম এস ওয়ার্ড ২০১৬ ডকুমেন্টে পৃষ্ঠা নাম্বার দেয়ার জন্য নিম্নের পদক্ষেপ গ্রহণ করুন।

- প্রয়োজনীয় ডকুমেন্ট সম্পাদন করুন কিংবা পূর্বের তৈরিকৃত ডকুমেন্ট ওপেন করুন।
- **Insert** ট্যাবের **Header & Footer** প্যানেল কিংবা গ্রুপের **Page Number** এর ডানে অবস্থিত ড্রপ-ডাউন এ্যারো ক্লিক করুন।




এবারে প্রদর্শিত অপশন হতে প্রয়োজনীয় অপশন ক্লিক করুন।





**নোট:** উপরের চিত্রে ডকুমেন্টের নিচে এবং বায়ের এলাইনমেন্টে পৃষ্ঠা নাম্বার যুক্ত করে দেখানো হয়েছে। আপনি ইচ্ছে করলে একই নিয়মে প্রয়োজনীয় জায়গায় পৃষ্ঠা নাম্বার যুক্ত করতে পারবেন।

লক্ষ্য করুন, ডকুমেন্টের প্রতি পৃষ্ঠার নিচের বায়ে পৃষ্ঠা নাম্বার যুক্ত হয়েছে।

## পেজ নাম্বার ফরমেট করা


এম এস ওয়ার্ড ডকুমেন্টে পৃষ্ঠা নাম্বার যুক্ত করার পর প্রয়োজন হলে তা ফরমেট করা যায়।

- প্রয়োজনীয় ডকুমেন্ট ওপেন করুন। প্রয়োজনীয় স্থানে পৃষ্ঠা নাম্বার যুক্ত করুন।
- **Insert** ট্যাবের **Header & Footer** প্যানেল কিংবা গ্রুপের **Page Number** এর ডানে অবস্থিত ড্রপ-ডাউন এ্যারো ক্লিক করুন।
- অতপর প্রদর্শিত অপশন হতে **Format Page Numbers** ক্লিক করুন।




এবারে প্রদর্শিত অপশন হতে প্রয়োজনীয় ফরমেট সম্পাদন করে **Ok** ক্লিক করুন।


লক্ষ্য করুন, ডকুমেন্টের পৃষ্ঠা নাম্বার সম্পাদিত ফরমেটে পরিবর্তিত হয়েছে।




## পৃষ্ঠা নাম্বার মুছে ফেলা

এম এস ওয়ার্ড ডকুমেন্টে যুক্ত পৃষ্ঠা নাম্বার মুছে ফেলতে চাইলে নিম্নের পদক্ষেপ গ্রহণ করুন।

- পৃষ্ঠা নাম্বার সম্বলিত ডকুমেন্ট ওপেন করুন।
- **Insert** ট্যাবের **Header & Footer** প্যানেল কিংবা গ্রুপের **Page Number** এর ডানে অবস্থিত ড্রপ-ডাউন এ্যারো ক্লিক করুন।
- অতপর প্রদর্শিত অপশন হতে **Remove Page Numbers** ক্লিক করুন।




লক্ষ্য করুন, ডকুমেন্টের সকল পৃষ্ঠা নাম্বার মুছে গেছে।

**পেজ সেটআপ নির্ধারণ – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ৩৩ দেখতে এখানে ক্লিক করুন।**

**পেজ ব্রেক করা – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ৩৫ দেখতে এখানে ক্লিক করুন।**

> **পেইজ সেটআপ নির্ধারণ করা** নিয়ে তৈরি টিউন আজ এখানেই শেষ করছি। ইনশাআল্লাহ্ পরবর্তীতে এম এস ওয়ার্ড ২০১৬ ভার্সনে **কিভাবে পৃষ্ঠা ব্রেক [Page Breaks] করবেন** সে বিষয়ে বিস্তারিত টিউন নিয়ে উপস্থিত হবো। সে পর্যন্ত আমাদের সাথেই থাকুন।
>
> টিউনে যদি কোন ভুল কিংবা অসামঞ্জস্য দেখুন তবে দয়া করে কমেন্ট করুন। আর যদি টিউটোরিয়াটি তথ্যবহুল হয় তবে বন্ধুমহলে শেয়ার করুন।